

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.৯৯.০০২.১৭-৮৯৪


তারিখ : ২৬ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ।
১০ জুলাই, ২০১৭ খ্রিঃ।

বিষয় : সিরাজগঞ্জ জেলাধীন রায়গঞ্জ উপজেলার চান্দাইকোনা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ভূমি এওয়াজ বদল করার অনুমতি প্রদান বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কার্যালয় এর স্মারক নং-৩১৫, তারিখ : ০৪.০৬.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলাধীন রায়গঞ্জ উপজেলার চান্দাইকোনা ইউনিয়ন পরিষদের নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য ভূমি এওয়াজ বদলের অনুমতি প্রদান বিষয়ে নিম্নোক্ত তথ্যাদিসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) কি শর্তে চান্দাইকোনা ইউনিয়ন পরিষদকে বিদ্যমান জমিটি দেয়া হয়েছিল তার তথ্যসহ জমির মালিকানা সংক্রান্ত দলিল ও পর্টার নকলের কপি এবং এওয়াজের জন্য প্রস্তাবিত জমির দলিলের নকলের কপি;
- (খ) বর্তমানে এওয়াজের জন্য প্রস্তাবিত জায়গার অবকাঠামো ও দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রস্টিন কালিদ্বারা);
- (গ) উপজেলা নির্বাহী অফিসার বর্তমান ইউপি'র বিদ্যমানস্থল এবং এওয়াজের জন্য প্রস্তাবিত জমি সরেজমিন পরিদর্শনপূর্বক এওয়াজের জন্য প্রস্তাবিত জমি স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের সকল শর্তাদি যথাযথভাবে পূরণ করে কিনা তা উল্লেখসহ সার্বিক বিষয় পরীক্ষান্তে সুস্পষ্ট মতামতসহ একটি বিস্তারিত প্রতিবেদন;
- (ঘ) উক্ত জমি এওয়াজ এর জন্য পরিষদকে কোন অর্থ প্রদান করতে হবে কিনা তার তথ্য;
- (ঙ) সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রি অফিসের বিগত তিন বছরের সর্বমোজার জমি ক্রয় বিক্রয়ের প্রত্যয়নকৃত তালিকা এবং প্রস্তাবিত ও বিদ্যমান উভয় জমির প্রকৃতি, Vicinity (নিকটবর্তী, সংলগ্ন) মূল্য তালিকা; এবং
- (চ) প্রস্তাবিত জমি এওয়াজ বদলের ক্ষেত্রে প্রস্তাবিত জায়গাতে ইউপি চেয়ারম্যান, সদস্য, কর্মকর্তা, কর্মচারী বা তাদের কোন আত্মীয়ের বা তাদের মালিকানাধীন বা তাদের কোন আর্থিক স্বার্থ নেই মর্মে অঙ্গীকারনামা;


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।
অনুলিপি :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পোছামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।